# 290230 - যনি বিসে বসে নামায পড়নে তার জন্য তাকবীরে তাহরীমা দাঁড়য়িে বলা কি ওয়াজবি?

প্রশ্ন

যে ব্যক্তি ফরয নামায বসে বসে পড়নে তার তাকবীরে তাহরীমা বলা সংক্রান্ত ব্যাপারে আমি জিজ্ঞসে করতে চাই। তার জন্য দাঁড়য়িে তাকবীরে তাহরীমা বলা কি ওয়াজবি; এরপর তনিি বসবনে? যদি তনিি দাঁড়য়িে তাকবীর বলতে ভুলে যান; বসা অবস্থায় বলনে সক্ষেত্রেে তাকে কি নামাযটি পুনরায় আদায় করতে হবে? আমার বাবা যোহরেরে সুন্নত নামায বসে বসে আদায় করছলিনে। যহেতেু তার হাঁটুতে ব্যথ্যা আছে। তনিি রুকু সজেদা করতে পারনে। কন্তিু দাঁড়াতে তার খুব কষ্ট হয়। তনিি যখন ফরয নামায আদায় করছেনে তখনও বসে বসে আদায় করছেনে; তাকবীর দয়োর জন্য দাঁড়াননি। এমতাবস্থায় তার উপর কি কোনে কছিু বর্তাবে?

প্রয়িে উত্তর

আলহামদু লল্লিাহ।.

কয়িাম বা দাঁড়ানো ফরয নামাযরে একটি রুকন; এটি ছাড়া নামায শুদ্ধ হয় না। তাই দাঁড়াতে অপারগ ব্যক্তি ছাড়া অন্য কারো জন্য বসে বসে নামায আদায় করা জায়যে নয়।

ফরয নামাযরে তাকবীরে তাহরীমা বলার জন্য দাঁড়ানোকে আলমেগণ ওয়াজবি মর্মে উদ্ধৃত করছেনে।

ইমাম নববী (রহঃ) "আল-মাজমু" গ্রন্থে (৩/২৯৬) বলনে: "তাকবীরে তাহরীমার প্রতটিি হরফ মুসল্লি দাঁড়ানো অবস্থায় উচ্চারণ করা ওয়াজবি। যদি কোনে একটি হরফ দাঁড়ানো অবস্থায় উচ্চারতি না হয় তাহলে তার নামায ফরয নামায হসিবেে সংঘটতি হবে না।"[সমাপ্ত]

আল-আখযারি আল-মালকেি বলনে: "নামাযরে ফরযগুলো হচ্ছে– নর্দিষ্টি নামাযরে নয়িত, তাকবীরে তাহরীমা ও তাকবীরে তাহরীমা বলার জন্য দাঁড়ানো, সূরা ফাতহিা ও সূরা ফাতহিা পড়ার জন্য দাঁড়ানো এবং রুকু... ।[সমাপ্ত]

আল-খরিাশি (রহঃ) "শারহু মুখতাসারি খললি" গ্রন্থে (১/২৬৪) নামাযরে ফরযগুলো বর্ণনা করতে গয়িে বলনে: "আমল অনুসরণরে ভত্তিতিে সক্ষম, মাসবুক নয় (জামাতরে রাকাত ছুটে গছেে এমন নয়) এমন ব্যক্তরি জন্য ফরয নামাযরে তাকবীরে তাহরীমা বলার জন্য দাঁড়ানো। অতএব, তাকবীরে তাহরীমা বসে কংিবা ঝুঁকে পড়া অবস্থায় উচ্চারণ করলে সটো জায়যে হবে না।"[সমাপ্ত]

"আল-মাওসূআ আল-ফকিহয়িয়া আল-কুয়তেয়িয়া" গ্রন্থে (১৩/২২০) এসছে— "যে নামাযরে জন্য কয়িাম বা দাঁড়ানো ফরয সে নামাযে মুসল্লরি দাঁড়য়িে তাকবীর বলা ওয়াজবি। যহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ইমরান বনি হুসাইন (রাঃ) কে বলছেনে: "তুমি দাঁড়য়িে নামায আদায় কর, যদি তা না পার তাহলে বসে বসে আদায় কর, যদি সটোও না পার তাহলে কাত হয়ে শুয়ে আদায় কর।" ইমাম নাসাঈ একটু বাড়তি বর্ণনা করছেনে: "যদি সটোও না পার তাহলে চিৎ হয়ে শুয়ে নামায আদায় কর"। কয়িাম বা দাঁড়ানো আদায় হবে পঠি খাড়া রাখার মাধ্যমে।

সুতরাং বসা অবস্থায় কংিবা নুয়ে পড়া অবস্থায় তাকবীরে তাহরীমা বললে সটো আদায় হবে না। এখানে দাঁড়ানো দ্বারা উদ্দশ্যে হবে— যা হুকমি দাঁড়ানো (যা দাঁড়ানোর স্থলাভষিক্তি) কওে অন্তর্ভুক্ত কর; যাতে করে কোন ওজররে কারণে বসে বসে ফরয নামায আদায়কারীর বসাও এর মধ্যে শামলি হয়ে যায়।"[সমাপ্ত]

অসুস্থ ব্যক্তি নামাযরে ক্ষত্রেে নীতি হল: নামাযরে যে যে রুকন ও ওয়াজবি তার পক্ষে আদায় করা সম্ভবপর সগেুলো সে আদায় করবে। আর যগেুলো আদায় করা তার সাধ্যে নইে সগেুলো তার জন্য মওকুফ হবে।

অতএব, তনিি যদি দাঁড়য়িে নামায শুরু করতে সক্ষম হন তাহলে দাঁড়য়িে নামায শুরু করা তার উপর ওয়াজবি। এরপর যদি দাঁড়য়িে থাকা তার জন্য কষ্টকর হয় তাহলে তনিি বসে পড়বনে। আরও জানতে দখেুন: 263252 নং প্রশ্নোত্তর।

খললি আল-মালকেরি 'মুখতাসারু' নামক গ্রন্থে এসছে—"যদি দাঁড়য়িে সূরা ফাতহিা পড়তে অপারগ হন তাহলে বসে পড়বনে।"

আল-হাত্তাব এর ব্যাখ্যাতে বলনে:

"ইবনে আব্দুস সালাম বলনে:... এক্ষত্রেে যা বাঞ্ছনীয় সটো হল: যদি সে ব্যক্তি কছিুটাও দাঁড়াতে সক্ষম হন তাহলে ততটুকু দাঁড়াবনে। হোক সটো তাকবীরে তাহরীমা বলার মত সময় পরমিাণ কংিবা এর চয়েওে বশেি পরমিাণ। কনেনা তার উপর দায়ত্বি হচ্ছে—তলোওয়াতকালে দাঁড়ানো। যদি কউে পরপিূর্ণ কয়িাম (দাঁড়ানো) ও পরপিূর্ণ তলোওয়াত করতে না পারে তাহলে সে ব্যক্তি যতটুকু পারে ততটুকু করবে; বাকীটুকু তার জন্য মওকুফ হবে।[সমাপ্ত]

ইবনে ফারহুন বলনে: অর্থাৎ যদি কউে মাথা ঘুরানোর কারণে বা অন্য কোন কারণে দাঁড়য়িে দাঁড়য়িে সূরা ফাতহিা শষে করতে অপারগ হয়; কন্তিু বসে বসে পড়তে সক্ষম হয় তাহলে প্রসদ্িধ মতানুযায়ী সে সাধ্যমত সটো পালন করবে এবং বাকীটুকুর জন্য দাঁড়ানো তার উপর থকেে মওকুফ হবে। বাকীটুকু সে বসে বসে আদায় করবে।

(সতর্কীকরণ) গ্রন্থাকাররে বক্তব্য থকেে আপাতঃ মনে হয় য,ে তাকে দাঁড়াতইে হবে না; এমনকি তাকবীরে তাহরীমার জন্যওে না— বষিয়টি এমন নয়। তবে তার বক্তব্যরে সাথে যদি এ শর্তযুক্ত করা হয় য,ে 'যদি তনিি দাঁড়ালে এরপর আর বসতে না পারনে' তাহলে হতে পার...।[মাওয়াহবিুল জালীল (২/৫) থকেে সংক্ষপেতি ও সমাপ্ত]

হানাফি মাযহাবের 'আল-ফাতাওয়া আল-হিন্দিয়্যা' গ্রন্থে (১/১৩৬) এসেছে:

"চতুর্দশ পরিচ্ছেদ: অসুস্থ ব্যক্তির নামায:

যদি অসুস্থ ব্যক্তি দাঁড়িয়ে নামায পড়তে অক্ষম হয় তাহলে বসে বসে পড়বে। রুকু করবে, সেজদা করবে। হেদায়া গ্রন্থে এভাবে বলা হয়েছে।

অক্ষমতার সবচেয়ে সঠিক ব্যাখ্যা হচ্ছে— যদি দাঁড়ালে তার শারীরিক কোন ক্ষতি হয়...। যদি দাঁড়ালে তার কষ্ট হয় তাহলে দাঁড়ানো বর্জন করা জায়েয হবে না। আল-কাফী গ্রন্থে এভাবে বলা আছে।

যদি কেউ কিছু সময় দাঁড়ানোর সক্ষমতা রাখে; গোটা সময় নয়—তাহলে তাকে তার সাধ্যমত দাঁড়ানোর নির্দেশ দেয়া হবে। এমনকি কেউ যদি শুধু তাকবীরে তাহরীমা উচ্চারণ করার মত সময় দাঁড়াতে সক্ষম হয়; তেলোওয়াত করার সময় দাঁড়াতে সক্ষম না হয় কিংবা তেলোওয়াতের কিছু সময় দাঁড়িয়ে থাকতে সক্ষম হয়; গোটা সময় নয়—তাহলে তাকে দাঁড়িয়ে তাকবীর দেওয়া ও সাধ্যানুযায়ী দাঁড়িয়ে ক্বিরাত পড়ার নির্দেশ দেয়া হবে। এরপর সে যদি অক্ষম হয়ে পড়ে তখন বসে যাবে...।"[সংক্ষেপিত ও সমাপ্ত]

শাইখ মুহাম্মদ মুখতার আল-শানক্বিতি বলেন:

"ওজরগ্রস্ত ব্যক্তি যিনি দাঁড়াতে পারেন না তিনি বসে বসে নামায পড়বেন...।

যদি কেউ দাঁড়িয়ে তাকবীরে তাহরীমা বলতে সক্ষম হয় তাহলে সে এসে সরাসরি বসে পড়ে তাকবীরে তাহরীমা বলবে না; বরং দাঁড়িয়ে তাকবীরে তাহরীমা বলবে। কেনেনা তার পক্ষে দাঁড়িয়ে তাকবীরে তাহরীমা বলা সম্ভব। এরপর তার দাঁড়িয়ে থাকতে কষ্ট হলে বসে পড়বে। যদি তার পক্ষে দাঁড়ানো সম্ভবপর না হয় কিংবা কঠিন হয় যেমন পক্ষাঘাত গ্রস্তের অবস্থা তাহলে সেক্ষেত্রে সে ব্যক্তি বসে বসে তাকবীরে তাহরীমা বলবে। আর যদি তার পক্ষে দাঁড়ানো সম্ভবপর হয় তাহলে সে ব্যক্তি দাঁড়িয়ে নামায আদায় করবে এবং চেয়ারটিকে তার পিছনেই রাখবে; এতে কোন অসুবিধা নেই। যদি তার কষ্ট হয় তাহলে সে ব্যক্তি বসে পড়বে। যেহেতু ফিকাহ-এর একটি সূত্র হচ্ছে— "أن الضرورة تقدر بقدرها" (জরুরী অবস্থা বা অনন্যোপায় অবস্থাকে তার সীমায় সীমিত রাখা হবে)। এই সূত্রের আরেকটি উপ-সূত্র হচ্ছে— ما أبيح للحاجة يُقَدَّر بقدْرِها (প্রয়োজনের তাগিদে যা বৈধ করা হয়েছে সেটা তার সীমাতে সীমাবদ্ধ থাকবে)

সুতরাং তার জরুরী অবস্থা হচ্ছে— দাঁড়িয়ে থাকতে কষ্ট হওয়া; তাই আমরা বলব: আপনি দাঁড়িয়ে তাকবীর দিয়ে বসে পড়ুন। যদি কারো জরুরী অবস্থা এমন হয় যে, তিনি দাঁড়াতেই পারেন না; তাহলে আমরা বলব: আমি বসে বসেই তাকবীর দিন; কোন অসুবিধা নেই।

এটির বিধান এর অবস্থাভেদে। ওটির বিধান সেটির অবস্থাভেদে। এ ব্যাপারে মানুষকে সাবধান করতে হবে। কেননা কখনও কখনও আপনি দেখবেন যে, যে ব্যক্তি দাঁড়াতে সক্ষম তিনি বসে বসে তাকবীর দিচ্ছেন। অথচ তিনি দাঁড়াতে পারেন, কোন কোন ক্ষেত্রে দাঁড়িয়ে চেয়ার নিতে পারেন, চেয়ার বহন করে বের হতে পারেন—এমন ব্যক্তির পক্ষে তাকবীরে তাহরীমার রুকনটি বসে বসে পালন করার রুখসত (ছাড়) দেয়া যায় না। তাকে এ বিষয়ে সাবধান করতে হবে। যদি কেউ দাঁড়াতেই না পারে আমরা বলব: তিনি বসে পড়ুন।"[শারহু যাদিল মুস্তাকনি' (২/৯১ শামেলার নম্বর অনুযায়ী)]

এ আলোচনার পরিপ্রেক্ষিতে আপনার বাবাকে ঐ নামায পুনরায় আদায় করতে হবে; যে নামাযে তিনি তাকবীরে তাহরীমা দাঁড়িয়ে বলতে ভুলে গেছেন; যদি তার জানা থেকে থাকে যে, তাকবীরে তাহরীমা দাঁড়িয়ে বলা তার জন্যে আবশ্যক ছিল।

আর যদি শরিয়তের হুকুম না জানার কারণে বসে বসে নামায পড়ে থাকেন এবং ধারণা করেন যে, যার জন্য বসে বসে নামায পড়া জায়েয তার জন্য বসে বসে তাকবীর বলাও জায়েয; তাহলে তার জন্য ঐ নামায পুনরায় পড়া আবশ্যক হবে না। আরও জানতে দেখুন: 45648 নং, 193008 নং ও 50684 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।